



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজরোড, বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/গাইবান্ধা-১৩৬/১৬১৫

তারিখ: ০৫ আষাঢ় ১৪২৯  
১২ জুন ২০২২

বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলাধীন জগন্নাথপুর দাখিল মাদ্রাসার এডহক কিমিটির সভাপতি জনাব মো: নুরুল ইসলাম দাখিলকৃত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে ডুলক্রটিযুক্ত ভোটার তালিকা ও স্বজনপ্রীতির অভিযোগ করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগকৃত ম্যানেজিং কমিটি নির্বাচনে নিয়োগপ্রাপ্ত (প্রযোজ্য ক্ষেত্রে) প্রিজাইডিং অফিসারকে তদন্ত কর্মকর্তা হিসাবে অন্তর্ভুক্ত ব্যতিরেকে অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
১২/০৬/২২


মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার  
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

  
১২.০৬.২২

নং-বামাশিবো/প্রশা/গাইবান্ধা-১৪৮/

তারিখ: আষাঢ় ১৪২৯  
জুন ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, গাইবান্ধা;
২. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা;
৪. জনাব মো: নুরুল ইসলাম, (অভিযোগকারী), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, জগন্নাথপুর দাখিল মাদ্রাসা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

তারিখঃ ১৬/০৫/২০২২ইং

বরাবর,

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশি বাজার, ঢাকা।

বিষয়ঃ জগন্নাথপুর দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটি গঠনে অনিয়ম করায় অভিযোগ প্রসঙ্গে।


জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলাধীন জগন্নাথ পুর দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে গত ১৬/০৩/২০২২ইং তারিখে চূড়ান্ত ভোটার তালিকা প্রস্তুত করিলে অনেক রকম ভুলত্রুটি আমার নিকট পরিলক্ষিত হইলে আমি সুপার সাহেবকে সংশোধন করার জন্য বারবার জোর তাকিদ দেওয়ার পরও তা সংশোধন না করে মোঃ আশরাফুলকে সঙ্গে নিয়ে সুপার জনাব মোঃ রায়হান আলী ভুলত্রুটিপূর্ণ ভোটার তালিকা সুকৌশলে চূড়ান্ত হিসাবে ঘোষণা করে।

বর্তমান প্রস্তাবিত সভাপতি মোঃ আশরাফুল ইসলাম ও সুপার জনাব রায়হান আলী দুইজন যোগসাজস করে সুকৌশলে ভোটার তালিকা প্রস্তুত করে। জগন্নাথপুর দাখিল মাদ্রাসার ছাত্র/ছাত্রীর অভিভাবকগনকে অবহিত না করিয়া ভুল ভোটার তালিকা চূড়ান্ত হিসাবে প্রকাশ করে। দাতা সদস্য হিসাবে জনাব মোঃ নজরুল ইসলাম সুপার জনাব মোঃ রায়হান আলী সাহেবের স্ত্রীর বড় ভাই। মাদ্রাসা পরিচালনা ও স্বার্থ হাসিলের লক্ষ্যে সজনপ্রিত্তি করে তার স্ত্রীর বড় ভাই মোঃ নজরুল ইসলামকে সুকৌশলে দাতা সদস্য হিসাবে নির্বাচিত করেন। যার মধ্যে অনেক অনিয়ম পরিলক্ষিত হয়। তদন্ত সাপেক্ষে দাতা সদস্য নির্বাচিত করা হোক।

বর্তমান এডহক কমিটির সভাপতি জনাব মোঃ নুরুল ইসলাম সাহেব কে মাননীয় বাংলাদেশ জাতীয় সংসদ সদস্য মোঃ মনোয়ার হোসেন চৌধুরী ৩২ গাইবান্ধা-৪ গোবিন্দগঞ্জ। যার স্মারক নং-বাজাসস/মনোনয়ন/২০২২/৮৫২, তারিখঃ ২৩/০৩/২০২২ইং। অত্র মাদরাসার বর্তমান ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে মাননীয় এমপি মহোদয় ডিও লেটার প্রদান করেন। তাকে বিদ্যাঙ্গুল দেখাইয়া কারসাজি মূলক মোঃ আশরাফুল ইসলাম কে সভাপতি হিসাবে গত ১৩/০৫/২০২২ইং তারিখে ম্যানেজিং কমিটি অত্র বোর্ডে অনুমোদনের জন্য প্রেরণ করেছেন। উল্লেখিত ভোটার তালিকার অভিযোগ তদন্ত সাপেক্ষে বিহিত ব্যবস্থা গ্রহণ করিতে মহোদয়ের সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক

  
বর্তমান এডহক কমিটির সভাপতি

জনাব মোঃ নুরুল ইসলাম

মোবঃ ০১৭৩৮৪২০০৮৫

জাতীয় পরিচয় পত্র নং-৫০৭৮৩৮৩০৭১

সভাপতি

মোঃ নুরুল ইসলাম  
জগন্নাথপুর দাখিল মাদ্রাসা  
কোচাশহর, গোবিন্দগঞ্জ গাইবান্ধা।